

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১৭.২৩.২৮২

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০

০৩ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: ডেঙ্গুতে আক্রান্ত শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য পরিস্থিতি সম্পর্কিত তথ্যাদি
হালনাগাদকরণ।

উপর্যুক্ত বিষয়ে সারা দেশে এডিস মশার বিস্তার ও এর মাধ্যমে ডেঙ্গু রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক ও সচেতন থাকা এবং এডিস মশার বিস্তার ও ডেঙ্গু প্রতিরোধে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে ১৮/০৭/২০২৩খ্রি: তারিখে ৩৮.০১.০০০০.১০৭.০৩৭.০২৩.২৩-১১৭৭নং পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, ডেঙ্গু সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য পরিস্থিতি নিয়মিত মনিটরিং করার জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর “ডেঙ্গু আপডেট” নামে একটি সফটওয়্যার প্রস্তুত করেছে। উক্ত সফটওয়্যারে প্রতিটি দপ্তরের জন্য আলাদা আলাদা ইউজার আইডি ও পাসওয়ার্ড রয়েছে। প্রতিটি থানা/উপজেলা শিক্ষা অফিস নিজ নিজ অধিক্ষেত্রের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা- কর্মচারীদের ডেঙ্গুজ্বর সংক্রান্ত স্বাস্থ্য পরিস্থিতি “ডেঙ্গু আপডেট” সফটওয়্যারটিতে (লিংক: <http://180.211.137.51:8088/dengue/index.php>) প্রতিদিনের তথ্য প্রতিদিন বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে এন্ট্রি/ইনপুট সম্পন্ন করবেন। সফটওয়্যারটি সুষ্ঠুভাবে ব্যবহারের নিমিত্ত এর ব্যবহার নির্দেশিকা ও পাসওয়ার্ড এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১) ব্যবহার নির্দেশিকা এবং ২) ডেঙ্গু আইডি ও পাসওয়ার্ড।

৪-৯-২০২৩

মনীষ চাকমা

পরিচালক

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

ফ্যাক্স: 02-9038122

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১৭.২৩.২৮২/১(১১২)


তারিখ: ১৯ ভাদ্র ১৪৩০

০৩ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৫) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৬) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

৭) ইন্সট্রাক্টর, থানা/উপজেলা রিসোর্স সেন্টার (সকল)।



৪-৯-২০২৩

নাসরিন সুলতানা
সহকারী পরিচালক